



ইরান ইস্যুতে যুক্তরাষ্ট্রকে কঠোর সতর্কতা রাশিয়ার দূতের



সংগৃহীত ছবি

ইরানকে ঘিরে চলমান উত্তেজনার প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্রের প্রতি কড়া বার্তা দিয়েছেন অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় আন্তর্জাতিক সংস্থাগুলোর কাছে নিযুক্ত রাশিয়ার প্রতিনিধি মিখাইল উলিয়ানভ। সোমবার আলজাজিরার এক প্রতিবেদনে বিষয়টি তুলে ধরা হয়।

সামাজিক যোগাযোগমাধ্যম এন্ড্রে দেওয়া এক পোস্টে উলিয়ানভ বলেন, ইরানের সঙ্গে ফলপ্রসূ আলোচনা চালাতে চাইলে যুক্তরাষ্ট্রকে চাপ প্রয়োগ ও হুমকিনির্ভর কৌশল থেকে সরে আসতে হবে। তার মতে, শক্তির অবস্থান থেকে আলোচনা করা কিংবা সামরিক পদক্ষেপ ও নিষেধাজ্ঞা জোরদারের হুমকি দেওয়া—এই পদ্ধতি ইরানের ক্ষেত্রে কার্যকর হচ্ছে না।

তিনি আরও উল্লেখ করেন, বর্তমান পরিস্থিতিতে অগ্রগতি আনতে হলে যুক্তরাষ্ট্রের উচিত ব্ল্যাকমেইল, আলটিমেটাম এবং সময়সীমা বেঁধে দেওয়ার মতো কৌশল পরিহার করা।

প্রতিবেদনে বলা হয়, এই মন্তব্য ইরান-যুক্তরাষ্ট্র সম্পর্কের টানা পোড়েনের মধ্যেই রাশিয়ার অবস্থান স্পষ্ট করেছে। বিশ্লেষকদের ধারণা, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সম্ভাব্য রাশিয়া সফর ঘিরে এ ধরনের বার্তা আরও জোরালোভাবে সামনে আসতে পারে।